দৈনিক সংবাদ

APR. 02 2002

তারিখ ...

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# ইউনেস্কো ক্লাব পুরস্কারের জন্য জীবন বৃত্তান্ত আহ্বান

প্রতি বছরের মতো চলতি বছরও বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব অ্যাসোসিয়েশন দেশের ১৩ জন বিশিষ্ট শিল্পী, কলাকুশলী ও সংস্কৃতি ব্যক্তিত্বকে ইউনেস্কো ক্লাব সাংস্কৃতিক পুরস্কার ২০০২ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে।

চারুকলা ও সঙ্গীত শিল্পের বিভিন্ন শাখায় গৌরবজনক ভূমিকা রাখা ব অবদানকারীদের জন্য ইউনেস্কো ক্লাব ১৯৯০ সালে এই পুরস্কার প্রবর্তন করে।

সঙ্গীত, নৃত্য, চারুকলা, মডেল, ফ্যাশন টিভি, চলচ্চিত্র, নাট্য অভিনয় ইত্যাদি ক্ষেত্রে পারদর্শী বা জাতীয় পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের অবিলম্বে তাদের একটি ছবিসহ বায়োডাটা মাহবুব উদ্দিন চৌধুরী, মহাসচিব ইউনেস্কো ক্লাব, ১৭, হরিচরণ রায় রোড ফরিদাবাদ, ঢাকা-১২০৪ এই ঠিকানায় ডাকযোগে পাঠানোর জন্য অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, যে সকল শিল্পী আগে ইউনেস্কো ক্লাব প্রবর্তিত এই পুরস্কার অর্জন করেছেন তাদের আবেদন করার কোন প্রয়োজন নেই। সংবাদ বিজ্ঞপ্তি।